# পঞ্চগড় পৌরসভা

## পঞ্চগড়

## পৌর পরিষদের মে ২০২৫ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সীমা শারমিন, প্রশাসক, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় |
| সভার তারিখ ও সময় | : | ২০/০৫/২০২৫, সকাল-১১.৩০ ঘটিকা |
| সভার স্থান | : | সভা কক্ষ, পঞ্চগড় পৌরসভা |
| সভা/অধিবেশন নং | : | ৪৮ (আটচল্লিশ) |
| উপস্থিতি | : | সংশ্লিষ্ট নথিতে সংরক্ষিত আছে |

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। পৌর নির্বাহী কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা গত এপ্রিল ২০২৫ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং উক্ত কার্যবিবরণীতে কোনো সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **পৌর কর, ট্রেড লাইসেন্স ফিস ও পানির বিল আদায় জোরদার এবং ডিজিটালাইজড করণ :**<br>ক) পৌর নির্বাহী কর্মকর্তা গত মাসের পৌর কর, ট্রেড লাইসেন্স ফিস ও পানির বিল আদায় বিবরণী সভায় উপস্থাপন করেন। পঞ্চগড় পৌরসভার পৌর করের বিল, পানির বিল, ট্রেড লাইসেন্স-এর ট্রেড লাইসেন্স-এর বিল সফটওয়্যারের মাধ্যমে প্রদান করা হচ্ছে। নাগরিক সেবা দ্রুততর, সহজতর ও স্বচ্ছতা আনয়নে পৌর কর, ট্রেড লাইসেন্স ফিস ও পানির বিল অনলাইন চালু করা প্রয়োজন।<br>তিনি আরো বলেন যে, পৌর করের বকেয়া হোল্ডিং দাতাদের নামসহ বকেয়ার তালিকা উপস্থাপন করা হয়। পৌর এলাকায় কিছু কিছু অংশে এবং নদীর ধারসমূহে অনেকে দীর্ঘদিন যাবৎ বাড়ি নির্মাণ করে বসবাস করে আসছেন। কিন্তু পৌরসভা হতে তারা হোল্ডিং খোলার কোন উদ্যোগ গ্রহণ করছেন না। এছাড়াও বকেয়াসহ চলতি পৌর কর, ট্রেড লাইসেন্স আদায়ের লক্ষ্যে নিয়মিত মাইকিং কার্যক্রম চলমান রয়েছে। | ১) নাগরিক সেবা দ্রুততর, সহজতর ও স্বচ্ছতা আনয়নে পৌরসভার সকল কার্যক্রম জরুরী ভিত্তিতে অনলাইন করণসহ ক্যাশলেস-এর মাধ্যমে পৌর কর, ট্রেড লাইসেন্স ফিস ও পানির বিল আদায় করতে হবে।<br>২) যে সকল হোল্ডিং মালিক তাদের বাড়ির হোল্ডিং খুলছেন না, তাদেরকে অস্থায়ী হোল্ডিং প্রদানসহ বকেয়া পানির বিল আদায়ের জন্য গ্রাহকগণের সাথে সরাসরি যোগাযোগ করতে হবে। | ১। পৌর নির্বাহী কর্মকর্তা<br><br>২। হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা |
| | খ) পানি সরবরাহ শাখার বিল ক্লার্ক মোঃ আজাহারুল ইসলাম জানান যে, পানি সরবরাহ শাখার বিপুল পরিমাণ অর্থ বকেয়া রয়েছে। উক্ত বকেয়া আদায়ের লক্ষ্যে নিয়মিত সংযোগ বিচ্ছিন্নসহ নোটিশ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে। নোটিশ প্রদানের পরও অনেকে বকেয়া পানির বিল পরিশোধে অনীহা প্রকাশ করছেন। পৌরসভা হতে যে কোনো ধরণের ইমারত নির্মাণের ক্ষেত্রে পানির লাইন সংযোগ বাধ্যতামূলক ও আবশ্যিক করা যেতে পারে মর্মে সহায়তা কমিটির সদস্যবৃন্দ মতামত ব্যক্ত করেন।<br><br>নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা জানান যে, ১৩টি পানির পাম্পের মধ্যে ৯টি সচল রয়েছে এবং অপর ৪টি পানির পাম্প পরপর একই স্থানে ৩ বার পুনঃস্থাপন করা হয়েছে; উক্ত পাম্পগুলি সচল করা প্রয়োজন। | ৪টি অকেজো পানির পাম্প সরজমিন পরিদর্শন করে প্রতিবেদন দাখিলের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:<br>১. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় ও সদস্য, পৌরসভা সহায়তা কমিটি আহবায়ক।<br>২. নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় ও সদস্য, পৌরসভা সহায়তা কমিটি সদস্য।<br>৩. নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা, সদস্য।<br>সহায়তাকারী-পৌরসভা পানির পাম্পের দায়িত্বে নিয়োজিত মোঃ ছয়ফুল আলম, নলকুপ মেকানিক (অনিয়মিত)।<br><br>বর্ণিত কমিটি আগামী ০৭ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন। | |
| ০২. | **পৌরসভার উন্নয়ন প্রকল্প কাজের (এডিপি, কোভিড-১৯, গুরুত্বপূর্ণ-IUIDP, RUTDP, জলবায়ু ট্রাস্ট ফান্ড) অগ্রগতি ও নতুন প্রকল্প গ্রহণ সংক্রান্ত:**<br>ক) নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা সভায় অবহিত করেন যে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরের সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা তহবিল থোক বরাদ্দ (এডিপি)-এর বিপরীতে ৮টি প্যাকেজভুক্ত ১৬টি স্কীমের কাজ চলমান রয়েছে; কাজের অগ্রগতি ৬০%। সভায় আরো অবহিত করা হয় যে, চলতি অর্থবছরে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় হতে ৩.৫০ (তিন কোটি পঞ্চাশ লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দ পত্রের শর্তাবলীসহ প্রকল্প গ্রহণের নির্দেশিকা ২০২৪ সভায় পাঠ করে শুনানো হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে অগ্রাধিকার প্রকল্প গ্রহণ বিষয়ে নির্বাহী প্রকৌশলী, অত্র পৌরসভাকে প্রাক্কলনসহ প্রকল্প তালিকা পরবর্তী সভায় উপস্থাপনের জন্য বলা হলো। | এডিপি প্রকল্প গ্রহণসহ চলমান সকল উন্নয়ন কাজসমূহ দ্রুত বাস্তবায়ন এবং এডিপিসহ সকল উন্নয়ন প্রকল্প কাজে বরাদ্দ বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবরে যোগাযোগসহ পত্র প্রেরণ করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা<br><br>২। হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা |

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | খ) নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা সভায় আরো জানান যে, চলমান প্রকল্প লোকাল গভর্নমেন্ট কোভিড-১৯ রেসপন্স এ্যান্ড রিকভারি প্রজেক্ট (LGCRRP) শীর্ষক প্রকল্পের পত্র মোতাবেক অনুমোদিত ৩টি প্যাকেজের প্রকল্প কাজ ইতোমধ্যে শেষ হয়েছে এবং কাজের গুনগত মান সন্তোষজনক। ২য় ও ৩য় পর্যায়ের ৬ (ছয়) টি প্যাকেজের কাজ চলমান রয়েছে এবং কাজের অগ্রগতি হার ৮০%। | | |
| | গ) প্রকল্প পরিচালক, গুরুত্বপূর্ণ নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়) (১ম সংশোধিত), স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা কর্তৃক অনুমোদিত ১৩ (তের)টি প্যাকেজের কাজ ৭০% সম্পন্ন হয়েছে; কাজের গুনগত মান সঠিক ও সন্তোষজনক। | | |
| | ঘ) জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ড (CCTF)-এর অর্থায়নে পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড় কর্তৃক বাস্তবায়নাধীন "গ্রীন হাউজ গ্যাস নিঃসরণ কমানোর লক্ষ্যে পঞ্চগড় পৌরসভার গুরুত্বপূর্ণ এলাকায় সোলার স্ট্রীট লাইট স্থাপন" শীর্ষক প্রকল্পের মেয়াদ আগামী জুন ২০২৬ মাস পর্যন্ত বৃদ্ধির জন্য সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় বরাবরে পত্রসহ প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | | |
| ০৩. | **শহর আলোকিতকরণে সৌন্দর্যবর্ধন সড়কবাতি কার্যক্রম ও ব্যবস্থাপনা সংক্রান্ত:**<br>নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা সভায় অবহিত করেন যে, পৌর এলাকার সড়ক বাতিসমূহ শতভাগ সচল রাখার নিমিত্ত জরুরীভাবে কিছু বাল্ব ক্রয় করা প্রয়োজন। পৌরসভা কর্তৃক শহর আলোকিতকরণে সড়কবাতি সচল রাখা কার্যক্রম চলমান, এতে নষ্ট বাল্ব রিপ্লেসমেন্ট করা হচ্ছে।<br>সড়ক বাতির দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী প্রকৌশলী জানান যে, ইতোপূর্বে পৌরসভা এলাকার বিদ্যমান বৈদ্যুতিক খুঁটি চিহ্নিত করার জন্য নাম্বারিং করা হয়। সহায়তা কমিটির সদস্য নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত জানান যে, বৈদ্যুতিক খুঁটিতে বাল্ব সংযোগ ও রিপ্লেসমেন্ট কার্যক্রম সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য হালনাগাদ নাম্বারিং করণ, কত নাম্বার খুঁটিতে বাল্ব নেই, কোন খুঁটিতে বাল্ব থাকলেও জ্বলে না এবং পূর্বের ক্রয়কৃত বাল্ব পরিবর্তনের জন্য রিপ্লেসমেন্টে পাঠানো হয়েছে তার সুনির্দিষ্ট তথ্য চলমান রেখে উক্ত কার্যক্রম পরিচালনার বিষয়ে মতামত ব্যক্ত করেন। | ১। পৌরসভার সকল বৈদ্যুতিক খুঁটি চিহ্নিত করত: কোন কোন বৈদ্যুতিক খুঁটিতে বাল্ব নেই তার একটি তালিকা আগামী ০৩ দিনের মধ্যে প্রস্তুত করতে হবে।<br><br>২। স্টোরে মজুদ বাল্ব এবং মেয়াদ অনুযায়ী রিপ্লেসমেন্ট বাল্বের তথ্য উপস্থাপন করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা<br><br>২। দায়িত্বপ্রাপ্ত উপসহকারী প্রকৌশলী (সিভিল) |
| ০৪. | **নিয়মিত শহর পরিষ্কার-পরিচ্ছন্ন, জলাবদ্ধতা নিরসনে ড্রেনের ময়লা-আবর্জনা অপসারণ, সুষ্ঠু ব্যবস্থাপনা ও মশক নিধন কার্যক্রম সংক্রান্ত:**<br>স্যানিটারী ইন্সপেক্টর, পঞ্চগড় পৌরসভা বলেন যে, শহর পরিষ্কার-পরিচ্ছন্নকরণসহ পৌরসভার ড্রেনসমূহে পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে স্যানিটারী ইন্সপেক্টর জানান যে, বর্তমান ফল মৌসুমে আবর্জনা বৃদ্ধি পেয়েছে; অপরদিকে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা'র পর কোরবানীর বর্জ্য অপসারণের জন্য নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রমের পাশাপাশি অতিরিক্ত জনবল দ্বারা ঈদের পূর্বে ৫দিন এবং ঈদ পরবর্তী ৫দিন বিশেষ পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম পরিচালনার প্রস্তাব করেন। এছাড়াও পৌরসভা কর্তৃক ফগার মেশিনের মাধ্যমে সমগ্র পৌর এলাকায় মশক নিধন কার্যক্রমের জন্য ইতোমধ্যে ২০০ লিটার কীটনাশক ঔষধ ক্রয় করা হয়েছে। তিনি আরো জানান যে, পৌরসভার স্যানিটারী ল্যান্ডফিল্ডটি ময়লা-আবর্জনা দ্বারা ভর্তি হয়ে যাওয়ায় ময়লার অনেকাংশ রাস্তার উপর চলে আসে। যার ফলে যান চলাচলসহ পথচারীদের চলাচলে সমস্যা পরিলক্ষিত হয়। | ১। ঈদের পূর্বে ০২ দিন এবং ঈদ পরবর্তী ০৫ দিন পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনাসহ মশক নিধন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br><br>২। পৌরসভার স্যানিটারী ল্যান্ডফিল্ডের ময়লা যাতে মানুষের দৃষ্টিগোচর না হয় সেজন্য রাস্তার পার্শ্বে টিনের সীমানা বেড়া নির্মাণ/স্থাপন করতে হবে। | ১। নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা<br><br>২। হিসাবরক্ষণ কর্মকর্তা<br><br>৩। স্যানিটারী ইন্সপেক্টর, পঞ্চগড় পৌরসভা |
| | | ৩। পৌরসভার পরিষ্কার-পরিচ্ছন্ন কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করে প্রতিদিন সচিত্র প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। পৌর নির্বাহী কর্মকর্তা<br>২। স্যানিটারী ইন্সপেক্টর, পঞ্চগড় পৌরসভা |
| ০৫. | **আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উদযাপন উপলক্ষ্যে পৌর এলাকার ১৮টি ঈদগাহ মাঠ সাজসজ্জাকরণ:**<br>পৌর নির্বাহী কর্মকর্তা সভায় অবহিত করেন যে, আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উদযাপন উপলক্ষ্যে কেন্দ্রীয় ঈদগাহ মাঠসহ ১৮টি ঈদগাহ মাঠ সাজসজ্জাকরণে গত ১৮/০৫/২০২৫ তারিখে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভার আলোচনা ও সিদ্ধান্ত মোতাবেক জেলা প্রশাসক, পঞ্চগড় মহোদয় পৌরসভার ঈদগাহ মাঠসমূহ সংশ্লিষ্ট কমিটি কর্তৃক সাজসজ্জা, পরিচ্ছন্নতা ও অন্যান্য কার্যক্রম সম্পাদন করবেন এবং এ সংক্রান্ত ব্যয় পূর্বের ন্যায় পৌরসভা সংশ্লিষ্ট কমিটির অনুকূলে বরাদ্দ প্রদান করবেন মর্মে নির্দেশনা প্রদান করেন। | ১। আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ এর নামাজ আদায়ের লক্ষ্যে পৌরসভাস্থ ঈদগাহ মাঠসমূহ উপযোগীকরণে পৌরসভাস্থ কেন্দ্রীয় ঈদগাহ মাঠসহ ১৮টি ঈদগাহ মাঠের সাজসজ্জা করণে উল্লিখিত ব্যয় বরাদ্দ সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।<br>২। বৈরী আবহাওয়ার কারণে ঈদগাহ মাঠে নামাজ আদায় সম্ভব না হলে সংশ্লিষ্ট এলাকার স্ব-স্ব মসজিদে নামাজ আদায় করতে হবে। | ১। পৌর নির্বাহী কর্মকর্তা<br><br>২। হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা |

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td></td><td>পৌরসভা এলাকাস্থ ঈদগাহ মাঠের তালিকা ও ব্যয় বরাদ্দ নিম্নরূপ:
<table>
<tr><th>ওয়ার্ড নং</th><th>ঈদগাহ মাঠের নাম</th><th>ব্যয় বরাদ্দ</th></tr>
<tr><td rowspan="4">০১</td><td>উপজেলা পরিষদ ঈদগাহ মাঠ</td><td>৬০,০০০/-</td></tr>
<tr><td>মোলানী ঈদগাহ মাঠ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>উত্তর মিঠাপুকুর ঈদগাহ মাঠ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>দক্ষিণ মিঠাপুকুর ঈদগাহ মাঠ</td><td>২৫,০০০/-</td></tr>
<tr><td>০২</td><td>পুরাতন ক্যাম্প কেন্দ্রীয় ঈদগাহ মাঠ</td><td>২,৬০,০০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>জালাসী ঈদগাহ মাঠ</td><td>৬২,৫০০/-</td></tr>
<tr><td rowspan="2">০৫</td><td>তুলার ডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় ঈদগাহ মাঠ</td><td>২৮,০০০/-</td></tr>
<tr><td>কামাত পাড়া নুরুন আলা নুর কামিল মাদ্রাসা ঈদগাহ মাঠ</td><td>২৮,০০০/-</td></tr>
<tr><td>০৬</td><td>রাজনগর ঈদগাহ মাঠ</td><td>৪৪,০০০/-</td></tr>
<tr><td rowspan="4">০৭</td><td>তেলিপাড়া ঈদগাহ মাঠ</td><td>১৪,০০০/-</td></tr>
<tr><td>দক্ষিণ তেলিপাড়া ঈদগাহ মাঠ</td><td>১৪,০০০/-</td></tr>
<tr><td>পূর্ব তেলিপাড়া ঈদগাহ মাঠ</td><td>১৪,০০০/-</td></tr>
<tr><td>চিনিকল ট্রেনিং কমপ্লেক্স ঈদগাহ মাঠ</td><td>১৪,০০০/-</td></tr>
<tr><td rowspan="3">০৮</td><td>আহলে হাদিস কমপ্লেক্স ঈদগাহ মাঠ</td><td>৩৭,৫০০/-</td></tr>
<tr><td>চিনিকল (ময়দান) ঈদগাহ মাঠ</td><td>৬২,৫০০/-</td></tr>
<tr><td>বি.পি সরকারি উচ্চ বিদ্যালয় ঈদগাহ মাঠ</td><td>৪৩,৭৫০/-</td></tr>
<tr><td rowspan="2">০৯</td><td>দর্জিপাড়া ঈদগাহ মাঠ</td><td>১৫,০০০/-</td></tr>
<tr><td>উত্তর দর্জিপাড়া ঈদগাহ মাঠ</td><td>১৫,০০০/-</td></tr>
</table></td><td>৩। পৌরসভাস্থ সকল ঈদগাহ মাঠের সংশ্লিষ্ট খতিব/ইমামগণদের নিয়ে ঈদের নামাজের পূর্বে পৌরসভার সভাকক্ষে এক মতবিনিময় (যৌথ) সভার আয়োজন করতে হবে।</td><td>পৌর নির্বাহী কর্মকর্তা</td></tr>
<tr><td>০৬.</td><td>পৌরসভার জামানত তহবিল হতে উন্নয়ন তহবিলে স্থানান্তরিত ১০.০০ (দশ) লক্ষ টাকা পুনরায় জামানত তহবিলে স্থানান্তরকরণ:<br>হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা সভায় বলেন যে, কোটেশন দরপত্র বিজ্ঞপ্তি নং ০১/২০২৩-২৪, কাজের নাম (১) পৌরসভাধীন ৩নং ওয়ার্ডে মাছ ও মুরগী বাজারে ড্রেন সংস্কার ও স্লাব নির্মাণ, (২) পৌরসভাধীন ৩নং ওয়ার্ডে কামারপট্টিতে এঙ্গেল ও টিন স্থাপন, প্রাক্কলিত মূল্য ৯,৯৫,৬৬২.৭৮ টাকার উন্নয়ন প্রকল্প কাজের বিল পরিশোধের বিষয়ে উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ প্রাপ্তিতে বিলম্ব হওয়ায় পৌর কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করা হয়। যার প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে পৌরসভার জামানত তহবিল হতে উন্নয়ন সহায়তা তহবিলে ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা স্থানান্তর করে উক্ত কাজের বিল পরিশোধ করা হয়। বর্তমানে উন্নয়ন সহায়তা তহবিলের অর্থ প্রাপ্তি এবং সংকুলান থাকায় উক্ত স্থানান্তরিত টাকা উন্নয়ন সহায়তা তহবিল হতে জামানত তহবিলে স্থানান্তর/পরিশোধ করা আবশ্যক। উপস্থাপিত নথিসহ বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>উল্লিখিত বাস্তবায়িত কাজের বিষয়ে সরজমিন পরিদর্শনপূর্বক মতামতসহ প্রতিবেদন দাখিলের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো।<br>১. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পঞ্চগড় ও সদস্য, পৌরসভা সহায়তা কমিটি- আহ্বায়ক<br>২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পঞ্চগড় ও সদস্য, পৌরসভা সহায়তা কমিটি- সদস্য<br>৩. নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা- সদস্য<br>৪. পৌর নির্বাহী কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা- সদস্য<br>৫. স্যানিটারী ইন্সপেক্টর, পঞ্চগড় পৌরসভা- সদস্য<br>সহায়তাকারী-প্রকল্প বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত মিনহাজুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা।<br>বর্ণিত কমিটি আগামী ০৫ দিনের মধ্যে প্রতিবেদন দাখিল করবেন।</td><td>সংশ্লিষ্ট কমিটির সদস্যবৃন্দ</td></tr>
<tr><td>০৭.</td><td>পৌর এলাকার বিভিন্ন স্থানে বৃক্ষরোপণ সংক্রান্ত:<br>সভায় অবহিত করা হয় যে, বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় চলতি বর্ষা মৌসুমে পৌর এলাকার বিভিন্ন স্থানে বৃক্ষরোপণ করা যেতে পারে। এ বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড় জানান যে, পৌর এলাকায় পরিবেশ ও জনবান্ধব হিসেবে আকাশমনি ও ইউক্যালিপ্টাস গাছ ব্যতিত যে কোন ফলজ ও বনজ বৃক্ষরোপণ করা যেতে পারে। সভায় বিস্তারিত আলোচনা করা হয়।</td><td>পৌরসভার প্রধান প্রধান সড়কসহ জনগুরুত্বপূর্ণ বিভিন্ন স্থানে পরিবেশ ও জনবান্ধব হিসেবে আকাশমনি ও ইউক্যালিপ্টাস গাছ ব্যতিত শহরের সৌন্দর্যবর্ধনের নিমিত্ত অন্যান্য ফলজ ও বনজ বৃক্ষরোপণ করতে হবে।</td><td>১। পৌর নির্বাহী কর্মকর্তা<br>২। হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা</td></tr>
</table>

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৮. | **পৌরসভা সুপার মার্কেটের দোকান ঘর বরাদ্দ সংক্রান্ত:**<br>পৌর নির্বাহী কর্মকর্তা সভায় অবহিত করেন যে, পঞ্চগড় পৌরসভার নব-নির্মিত সুপার মার্কেটের ৪৬টি দোকান ঘর বরাদ্দ প্রদানের লক্ষ্যে পৌরসভা পাবলিক মার্কেট আদর্শ উপ-আইনমালা, ২০০৩ এর প্রদত্ত বিধি এবং পৌর পরিষদের সিদ্ধান্তক্রমে সর্বশেষ গত ১৬/০২/২০২৫ তারিখে অত্র পৌরসভার স্মারক নং-পঞ্চ:পৌর:/মার্কেট/২-১৪৬৯/২০২৫/৫৪ মূলে বিজ্ঞপ্তি নং-০৪/২০২৪-২০২৫ এ পঞ্চগড় পৌরসভার নব-নির্মিত পৌর সুপার মার্কেট-এর দোকান ঘর বরাদ্দ পুন:বিজ্ঞপ্তি আহ্বান করা হয়। চলমান ৪র্থ দফায় ৩ বারের আহ্বানকৃত দরখাস্তের শেষ সময় ২৯/০৪/২০২৫ তারিখ। কিন্তু এ পর্যন্ত কোন দরপত্র সিডিউল বিক্রয় এবং দরখাস্ত জমা পাওয়া যায়নি; পুনরায় দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যেতে পারে।<br><br>অত:পর সভাপতি পৌর সুপার মার্কেটের দোকান ঘর বরাদ্দ প্রদান এবং দ্রুত চালুকরণের জন্য মতামতসহ পরামর্শ প্রদানের জন্য সহায়তা কমিটির সম্মানীত সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করেন। দোকান ঘর বরাদ্দ প্রদান করা হলে প্রয়োজনে আলোচনা সাপেক্ষে দোকান ঘরগুলি জনমুখি করার জন্য প্রকৌশলীর মতামতের ভিত্তিতে স্ট্যাকচার রি-ফর্ম করা যেতে পারে। | পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে বিধি অনুযায়ী পুনরায় ৫ম দফায় ৩ বারের জন্য দরপত্র বিজ্ঞপ্তি আহ্বানসহ বহুল প্রচারের জন্য পত্রিকায় বিজ্ঞাপন বিজ্ঞপ্তি প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পৌর নির্বাহী কর্মকর্তা<br><br>২। হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা |
| ০৯. | **ডাস্টবিন স্থাপন:**<br>সিভিল সার্জনের প্রতিনিধ সভায় অবহিত করা হয় যে, পৌরসভার পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক ডাস্টবিন স্থাপন করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পৌরসভার পরিষ্কার-পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক ডাস্টবিন স্থাপন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী পঞ্চগড় পৌরসভা |
| ১০. | **আউটসোর্সিং/অস্থায়ী কর্মচারীগণের ব্যাংক হিসাব খোলা সংক্রান্ত:**<br>হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় বলেন যে, লেন-দেনের সুবিধার্তে পৌরসভার আউটসোর্সিং/অস্থায়ী কর্মচারীগণের বেতন/ভাতাদি/মজুরি প্রদানের জন্য স্ব স্ব নামে ব্যাংক হিসাব খোলা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১। পৌরসভার আউটসোর্সিং/অস্থায়ী কর্মচারীগণের বেতন/ভাতাদি/মজুরি প্রদানের জন্য ০১ সপ্তাহের মধ্যে স্ব স্ব ব্যাংক হিসাব খুলতে হবে।<br>২। কোনোরূপ নগদ অর্থ প্রদান হতে বিরত থাকতে হবে। | হিসাবরক্ষণ কর্মকর্তা, পঞ্চগড় পৌরসভা |
| ১১. | **বিবিধ:**<br>**ক) পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উপলক্ষ্যে বরাদ্দকৃত ভিজিএফ খাদ্যশস্য তদারকীকরণ:**<br>পৌর নির্বাহী কর্মকর্তা সভায় অবহিত করেন যে, পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উপলক্ষ্যে বরাদ্দকৃত ভিজিএফ খাদ্যশস্য বিতরণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকী করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | পৌরসভা সহায়তা কমিটির সদস্যগণকে ওয়ার্ডভিত্তিক পবিত্র ঈদ-উল-আযহা ২০২৫ উপলক্ষ্যে বরাদ্দকৃত ভিজিএফ খাদ্যশস্য বিতরণ কার্যক্রম নিবিড়ভাবে তদারকী করতে হবে। | পৌরসভা সহায়তা কমিটির সদস্যগণ |
| | **খ) পৌরসভার চলমান উন্নয়ন প্রকল্প কাজ পরিদর্শন:**<br>নির্বাহী প্রকৌশলী, পঞ্চগড় পৌরসভা সভায় বলেন যে, চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে সরকার কর্তৃক উন্নয়ন সহায়তা তহবিল থোক বরাদ্দ (এডিপি)-এর বিপরীতে ৮টি প্যাকেজভুক্ত ১৬টি স্কীমের কাজ চলমান রয়েছে। উক্ত প্রকল্পের ১০% হারে পরিদর্শন করা প্রয়োজন।<br><br>সভাপতি পৌরসভা সাহয়তা কমিটির সদস্যগণকে চলমান উন্নয়ন প্রকল্প ১০% হারে পরিদর্শনপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সভায় আলোকপাত করেন। | পৌরসভা সহায়তা কমিটির সদস্যগণ চলমান উন্নয়ন প্রকল্প ১০% হারে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দিবেন। | পৌরসভা সহায়তা কমিটির সদস্যগণ |

অত:পর আর কোনো আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/৫/২৫

(সীমা শারমিন)
প্রশাসক
পঞ্চগড় পৌরসভা
পঞ্চগড়

# পঞ্চগড় পৌরসভা কার্যালয়

পঞ্চগড় ।

স্মারক নং- পঞ্চঃপৌরঃ/রেজু-১/১৫০-০৯/২০২৫/১৭৩(২১) তারিখঃ ২১/০৫/২০২৫ খ্রিঃ।

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ- উপ-সচিব, পৌর-১/২ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।

২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩। জেলা প্রশাসক, পঞ্চগড়।

৪। উপপরিচালক, স্থানীয় সরকার, পঞ্চগড়।

জ্ঞাতার্থে ও কার্যার্থে

৫-১৬। ......................................................................, পঞ্চগড় ও সদস্য, সহায়তা কমিটি, পঞ্চগড় পৌরসভা।

১৭-২১। বিভাগ/শাখা প্রধান, পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়।

২২। দপ্তর নথি।

২১/০৫/২০২৫

(মোঃ রাশেদুর রহমান)
পৌর নির্বাহী কর্মকর্তা
পঞ্চগড় পৌরসভা, পঞ্চগড়

২১/০৫/২৫